

Telephone conversation between Prime Minister and Prime Minister of Singapore

April 24, 2020

ভারতের প্রধানমন্ত্রী এবং সিঙ্গাপুরের প্রধানমন্ত্রীর মধ্যে ফোনে বাক্যালাপ
এপ্রিল 24,2020

প্রধান মন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং সিঙ্গাপুরের প্রধান মন্ত্রী মহামান্য লী সিয়েনলুং-এর মধ্যে 23 শে এপ্রিল 2020 তারিখে ফোনে বাক্যালাপ হয়েছে।

COVID-19 অতিমারির কারণে সম্মুখীন হওয়া স্বাস্থ্য এবং অর্থনৈতিক প্রতিবন্ধকতার বিষয়ে দুই নেতা তাদের দৃষ্টিভঙ্গীর আদান প্রদান করেছেন। এই অতিমারি এবং এর অর্থনৈতিক ও সামাজিক প্রভাবকে সামালানোর জন্য তাদের নিজ নিজ দেশে গৃহীত পদক্ষেপগুলির হালহকিকত সম্বন্ধে পরস্পর পরস্পরকে অবগত করেছেন।

প্রধানমন্ত্রী সিঙ্গাপুরকে চিকিৎসা সামগ্রী সহ, সকল অত্যাবশ্যকীয় সামগ্রীর সরবরাহ বজায় রাখার ক্ষেত্রে সকল রকমের সম্ভাব্য সহযোগিতার প্রতিশ্রুতি দিয়েছেন। সিঙ্গাপুরে ভারতীয় নাগরিকদের সাহায্যের হাত বাড়িয়ে দেবার জন্য প্রধানমন্ত্রী তার প্রশংসাও ব্যক্ত করেছেন।

উভয় নেতাই বর্তমান পরিস্থিতির পরিপ্রেক্ষিতে ভারত-সিঙ্গাপুর কৌশলগত অংশীদারিত্বের গুরুত্বের উপরে জোর দিয়েছেন। COVID-19 দ্বারা সম্মুখীন হওয়া প্রতিবন্ধকতার মোকাবিলায় বর্তমানে এবং ভবিষ্যতে একযোগে কাজ করার বিষয়ে তারা সহমত হয়েছেন।

বর্তমান সংকটে সিঙ্গাপুরের জনগণের স্বাস্থ্য এবং কুশলতার প্রতি প্রধানমন্ত্রী তার শুভ কামনা ব্যক্ত করেছেন।

নিউ দিল্লি

এপ্রিল 24,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.